দৈনিক সংবাদ

তারিখ ...MAR. 1. ..1999 ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৬......

বাকৃবি

# শিক্ষক সমিতির নির্বাচনে ১১ পদে প্রার্থী ২২

**বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** আসন্ন কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে ১১টি কার্যকরী পদে দুটি প্যানেল থেকে সর্বমোট ২২ জন প্রার্থী অংশ নিচ্ছেন। নির্বাচন হবে ৮ই মার্চ। চলতি বছর ভোটার সংখ্যা ৩৮০।

মুক্তিযুদ্ধের চেতনার দাবিদার গণতান্ত্রিক শিক্ষক ফোরাম ও বিএনপি ও বিরোধীদল সমর্থিত সোনালী দলের প্রার্থীরা আজ দুপুর ১২টায় নির্বাচন কমিশনার অধ্যাপক ডঃ মুস্তাফিজুর রহমানের নিকট তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন। সভাপতি পদে নির্বাচন করছেন কৃষি অর্থসংস্থান বিভাগের অধ্যাপক ডঃ মোঃ আবুল বাসার (গণতান্ত্রিক শিক্ষক ফোরাম) ও উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের অধ্যাপক মঈনউদ্দিন আহমেদ (সোনালী দল); সহ-সভাপতি পদে পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগের অধ্যাপক আহমেদ আলী (সোনালী দল) ও কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক ডঃ সুলতানউদ্দিন ভূঞা (গ.শি. ফোরাম), সাধারণ সম্পাদক পদে প্যারাসাইটোলজি বিভাগের অধ্যাপক ডঃ মোঃ জহুরুল করিম (গণতান্ত্রিক শিক্ষক ফোরাম) ও ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ডঃ মোঃ ইদ্রিস মিয়া (সোনালী দল)। কোষাধ্যক্ষ পদে ফিশারিজ টেকনোলজি বিভাগের অধ্যাপক ডঃ মোঃ কামাল (গণতান্ত্রিক শিক্ষক ফোরাম) ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মোঃ জহিরউদ্দিন (সোনালী দল)। যুগ্ম সম্পাদক পদে উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক মোল্লাহ মোঃ হামিদুজ্জামান (ফোরাম) ও কৃষি অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক হারুনউর রশীদ (সোনালী দল)। ৬টি সদস্য পদে নির্বাচনকারী শিক্ষকবৃন্দ হলেনঃ সোনালী দলের ডঃ মোঃ ইকবাল হোসেন, ডঃ মোঃ দৌলত হোসেন, ডঃ মোঃ নুরুল ইসলাম, ডঃ মোঃ বাহাদুর মিঞা, ডঃ খন্দকার শরিফুল ইসলাম ও ডঃ খন্দকার সিরাজুল ইসলাম। গণতান্ত্রিক শিক্ষক ফোরামের মোঃ আবদুল জব্বার, ডঃ মোঃ জসিম উদ্দিন খান, ডঃ মোঃ মতিউর রহমান খান, ডঃ মোঃ মনসুরুল আমিন, ডঃ মোঃ রেজাউল হাসান এবং ডঃ মোঃ শামসুদ্দীন। নির্বাচন কমিশনার অধ্যাপক ডঃ মুঃ মুস্তাফিজুর রহমান আজ সাংবাদিকদের জানান, পরিবর্তিত তারিখ অনুযায়ী ৮ই মার্চ সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে ভোট গ্রহণ করা হবে। উল্লেখ্য, গত বছর কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে ১১টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১০টি পদে সোনালী দলের প্রার্থীরা এবং ১টি সদস্য পদে গণতান্ত্রিক শিক্ষক ফোরামের প্রার্থী বিজয়ী হন।